R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD- 4

স্লীম হোন

মহকুমায় সর্বপ্রথম বৈজ্ঞানিক পন্থায় আধুনিক যন্ত্রাদির সাহায্যে সব বয়সের পুরুষ ও মহিলাদের শরীর সুস্থ ও সক্ষম রাখার প্রয়াসে। ভর্তি চলছে।

হেলথ লাইন

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

( শিবাজী সংঘের সন্নিকটে )

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ ক্রেডিট সোসাইটি লিঃ

রেজি নং— ১২ / ১৯৯৬-৯৭

( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক অনুমোদিত )

ফোন ঃ ৬৬৫৬০

রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ | ৪৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৪ই বৈশাখ, বুধবার, ১৪০৬ সাল। ২৮শে এপ্রিল, ১৯৯৯ সাল।

নগদ মূল্য : ১ টাকা | বার্ষিক ৪০ টাকা

## অপহৃতা আদিবাসী নাবালিকা উদ্ধারে পুলিশী ব্যর্থতার অভিযোগ

সাগরদীঘি ঃ সম্প্রতি এই ব্লকের মনিগ্রামে সাহেব মুর্মুর নাবালিকা কন্যা পানবিটি নিখোঁজ হন। অধিবাসীদের অনুমান কেউ তাঁকে অপহরণ করে অন্য কোথাও চালান করেছে। এ নিয়ে এলাকায় আদিবাসীদের মধ্যে প্রচন্ড উত্তেজনাও রয়েছে। স্থানীয় অধিবাসীরা বলেন অনেক খোঁজাখুঁজির পর তাঁরা জানতে পারেন গ্রামেরই রাজু সেখ পানবিটিকে বিয়ের প্রলোভন দেখিয়ে অপহরণ করেছে। সন্দেহবশতঃ রাজু সেখের বিরুদ্ধে সাহেব মুর্মু সাগরদীঘি থানায় গত ৫ মার্চ অভিযোগ দায়ের করেন ( জি ডি নং ১৯৮ ), এবং রাজু সেখ গ্রামে ঘুরে বেড়ালেও পুলিশ কোন ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ। এ ঘটনাকে পুলিশ নিছক প্রেমের ঘটনা বলে চালাতে চাইছে। তবে পরে এলাকার অধিবাসীদের চাপে পড়ে গত ১ এপ্রিল রাতে পুলিশ রাজু সেখকে গ্রেপ্তার (শেষ পৃষ্ঠায়)

## রাজ্যপালের উপস্থিতিতে শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানের উদ্বোধন এবং শিলান্যাস

নিজস্ব সংবাদদাতা ঃ সাধারণ মানুষের মধ্যে শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার জন্য স্বেচ্ছাসেবী সংস্থা জি. ডি. চ্যারিটেবল সোসাইটি অরঙ্গাবাদ স্কুলের উচ্চশিক্ষা ভবনের শিলান্যাস ও অরঙ্গাবাদ কলেজের কম্পিউটার রুমসহ চারটি এ্যাম্বুলেন্সের উদ্বোধনের মধ্য দিয়ে যে উদ্যোগ নিয়েছেন তা এক কথায় নজিরবিহীন। গত ২৪ এপ্রিল অরঙ্গাবাদে এই অনুষ্ঠানে উপস্থিত পশ্চিমবঙ্গের রাজ্যপাল এ, আর, কিদোয়াই এই মন্তব্য করেন। তিনি আরও বলেন প্রযুক্তির এই উন্নততর প্রয়োগের যুগে সাধারণ মানুষের মধ্যে শিক্ষার বিশেষ প্রয়োজন। একাজে সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে জি. ডি. চ্যারিটেবল সোসাইটির সম্পাদক ও পতাকা বিড়ি গ্রুপের অন্যতম প্রধান মোস্তাক হোসেন বলেন শিক্ষা ও স্বাস্থ্যর পরিষেবার দিক দিয়ে অরঙ্গাবাদ অঞ্চল অনেক পিছিয়ে। আর্থিক দিক দিয়ে সমৃদ্ধ হলেও গত কুড়ি বছরে এখানে সে ধরনের কাজ বিশেষ হয়নি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ আবুল হাসনাত খান, বিধায়ক হুমায়ন রেজা প্রমুখ।

## চর কাবিলপুরে এক ব্যক্তি খুন দুই শিশু জখম

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি ব্লকের কাবিলপুর গ্রাম পঞ্চায়েতের অধীন চর কাবিলপুরে গত ১৯ এপ্রিল সকাল ১০টা নাগাদ মারামারিকে কেন্দ্র করে আমজাদ বিশ্বাসের বড় ছেলে এসলু সেখ (২৫) তীর বিদ্ধ হয়ে ঘটনাস্থলে মারা যান। ২টি শিশু গুরুতর জখম হয়। এই ঘটনায় ৪৬ জন আসামীর মধ্যে ৫ জন চাকুরীজীবী। এর মধ্যে ইমদাদুল হক, মুনসুর আলি ও আফজাল হোসেনকে পুলিশ গ্রেফতার করে। বিশ্বস্ত সূত্রের খবরে প্রকাশ, উলাডাঙ্গার তিন মুরগী ব্যবসায়ীর টাকা ছিনতাই এর ঘটনাকে কেন্দ্র করেই এই জঘন্য হত্যাকান্ড। বর্তমানে গ্রামের পরিবেশ থমথমে।

## ধুলিয়ানে ফায়ার ব্রিগেডের গৃহ নির্মাণ শুরু হল

ধুলিয়ান ঃ গত ২০ এপ্রিল সমসেরগঞ্জ ব্লক অফিস সংলগ্ন মাঠে ফায়ার ব্রিগেড অফিস গৃহের কাজ আরম্ভ হ'ল। উল্লেখ্য, পুলিশ-মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ও আরএসপির রাজ্য সম্পাদ কদেবব্রত ব্যানার্জী গত ২১ ডিসেম্বর '৯৭ এই অফিস গৃহের শিলান্যাস করে যান। ঐদিন নির্মাণ কাজের সূচনা করেন পৌরপতি সফর আলী। গৃহ ও গ্যারেজ নির্মাণে খরচ ধরা হয়েছে ৩৪ লক্ষ টাকা। বিড়ি অধ্যুষিত ধুলিয়ান—অরঙ্গাবাদ এলাকায় ফায়ার ব্রিগেডের দাবী বহুদিনের।

## দীর্ঘ সেবা সম্মান প্রদান অনুষ্ঠান

ফরাক্কা ঃ গত ২৩ এপ্রিল স্থানীয় এনটিপিসির পক্ষ থেকে এক মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে কর্মচারীদের দীর্ঘ সেবা সম্মান প্রদান করা হয়। যে সব কর্মচারী দীর্ঘ পনের বছর ধরে এনটিপিসিতে সেবা করে আসছেন তাঁদের একটি রৌপ্যপদক এবং প্রশংসাপত্র প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনটিপিসির হেড অফিস এর ডাইরেক্টর পার্সোনাল কে, কে সিনহা। এছাড়া উপস্থিত ছিলেন ( শেষ পৃষ্ঠায় )

## রঘুনাথগঞ্জ গার্লসে বামপন্থীদের জয়

নিজস্ব সংবাদদাতা ঃ গত ২৫ এপ্রিল অনুষ্ঠিত রঘুনাথগঞ্জ উচ্চতর বালিকা বিদ্যালয়ের পরিচালক সমিতির অভিভাবক প্রতিনিধি নির্বাচনে প্রতিদ্বন্দ্বী দশজন প্রার্থীদের মধ্য থেকে বামপন্থী চার প্রার্থী জয়ী হয়েছেন। এরা হলেন অলোক সাহা (৪২৮), মুক্তিপ্রসাদ ধর (৪৩৫), মানসী মুখার্জী (৪৬৯) ও সুবোধকুমার দাস (৪২৯)। মোট ১২৯৬ ( শেষ পৃষ্ঠায় )

বাজার ঘুরে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?

শুনুন মশাই, এই কথা বাক্য পারাবার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।

সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৪ই বৈশাখ বুধবার, ১৪০৬ সাল।

## ॥ কে ভাবে ? ॥

কেন্দ্রে বাজপেয়ী সরকারের পতনের পর সপ্তাহাধিক কাল অতিক্রান্ত হইয়াছে ; এখনও বিকল্প সরকার গঠিত হয় নাই। এই নিবন্ধ লিখিবার সময় পর্যন্ত বিজেপি-বিরোধী দুইটি শিবির কেন্দ্রে শাসন ক্ষমতা করায়ত্ত করিতে নানা চেষ্টায় মত্ত। বাজপেয়ী সরকারের পতন ঘটাইবার কালে বিরোধী দলগুলি ফলাও প্রচার করিয়াছিল যে, বিকল্প সরকার গঠনের ব্লু-প্রিন্ট তাহারা তৈয়ারী করিয়াছে ; সুতরাং বিকল্প সরকার গড়িতে তাহাদের আদৌ দেরী হইবে না। এখন দেখা যাইতেছে, ইহা এক ফাঁকা বুলি ছাড়া আর কিছু নহে। তথাকথিত বিজেপি-বিরোধীদের পারস্পরিক পূর্ব সমঝোতা, সুস্পষ্ট নীতি ও কর্মসূচী এবং সকলের স্বীকৃত নেতা—কিছুই ছিল না। তাই এখন বিকল্প সরকার গঠনে অযথা বিলম্ব হইতেছে যাহাতে দেশের অপূরণীয় ক্ষতি হইয়া চলিয়াছে।

অথচ বাজপেয়ী সরকারের পতন ঘটাইবার জন্য যে কর্মকাণ্ড বিরোধী দলগুলির নেতৃ-স্থানীয় ব্যক্তিরা শুরু করিয়াছিলেন, একের পর এক যত বৈঠক হইতেছিল, ব্যাঘ্র-বৃষভের অপূর্ব সহাবস্থান ঘটিতেছিল, তাহাতে দেশের জনসাধারণের মনে ধারণা জন্মান হইতেছিল যে, অতঃপর কেন্দ্রে টলটলায়মান সরকারের পরিবর্তে এক শক্তপোক্ত সরকার বসান হইবে। এই সরকার হইবে জনগণের আস্থা অর্জনকারী এক সুস্থ-সুস্থির সরকার যাহাকে বিশেষ কোনও নেতা বা নেত্রীর নানা ব্যক্তিগত আত্মস্বার্থপন্থী বায়নাক্কা পূরণে সদাসন্ত্রস্ত থাকিতে হইবে না। কিন্তু বৈঠকের পর বৈঠক যত হইয়া গেল, বিকল্প সরকার গঠনের অনিশ্চয়তা ততই রহিয়া গেল।

গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় সরকার পক্ষ এবং সরকার-বিরোধী পক্ষ—এই উভয়কেই যথেষ্ট দায়িত্বশীল হইতে হয়। জনকল্যাণ-মূলক সুষ্ঠু শাসনকার্য পরিচালনার জন্য উভয় পক্ষকে বুঝিয়া-সুঝিয়া চলিতে হয়। সরকার পক্ষ যেন নীতিচ্যুত না হয়, যেন আইন মানিয়া চলে, যেন দেশের স্বার্থ রক্ষায় তৎপর থাকে, এই সমস্ত ব্যাপারে বিরোধী পক্ষকে সরকার পক্ষের উপর নানা চাপ সৃষ্টি করিতে হয়। ইহার ব্যত্যয় ঘটিলে সরকার পক্ষ ও বিরোধী পক্ষ উভয়েই স্বধর্মচ্যুত হইয়া পড়ে।

ব্যক্তিগত স্বার্থ ক্ষুণ্ণ হইবার উপক্রম দেখিয়া বিশেষ বিশেষ নেতা নেত্রী কোয়ালিশন সরকারের পতন ঘটাইয়াছেন। বাজপেয়ী সরকার সম্বন্ধে যে সব দোষারোপ করা হইয়াছে, যেমন নৌ-বাহিনী প্রধানের অপসারণ, করুণানিধি সরকারকে বরখাস্ত না করা ইত্যাদি, তাহা যুক্তিগ্রাহ্য নহে। মাত্র এক বৎসর শাসনক্ষমতায় থাকিয়া প্রধানমন্ত্রী যেটুকু কাজ করিবার সুযোগ পাইয়াছিলেন, তাহা করিয়াছেন। সরকার-বিরোধী দলগুলি তাহা পর্যালোচনা করে নাই, এমন নহে। তবু তাহারা দেশের মধ্যে যে অস্থির পরিস্থিতির সৃষ্টি করিয়াছে, তাহা বোধ করি, অভূতপূর্ব।

কেন্দ্রে সরকারী হাল ধরিতে কংগ্রেস দল ও একটি তৃতীয় ফ্রন্ট ইচ্ছুক ; কিন্তু এই দুইটি শিবিরকে 'সাড়ে বত্রিশ ভাজা'র দল গড়িতে হইবে। তবু তাহা সংখ্যা গরিষ্ঠতা লাভ করিবে কিনা, বলা যায় না। কোনও কোনও নেতৃস্থানীয় ব্যক্তি বলিতেছেন যে, আর দুই-এক দিনের মধ্যেই কেন্দ্রীয় সরকার গঠনের ফয়সালা হইয়া যাইবে।

বিজেপি-জোট সরকারের পতনের পর বিকল্প সরকার গড়িতে এইবার যে বিলম্ব হইয়া গেল, এবং দেশকে বহু ক্ষতি মানিয়া লইতে হইল, তাহা স্বাধীনতা উত্তরকালে এই প্রথম। এখন বিকল্প সরকার, না পুনর্নির্বাচন, তাহাই দেখার।

## দাদাঠাকুরের চিন্তার প্রাসঙ্গিকতা

ধূর্জটি বন্দ্যোপাধ্যায়

দাদাঠাকুর জন্মেছিলেন ১২৮৮ সালের ১৩ই বৈশাখ, আবার তাঁর জীবনাবসান হয়েছে ১৩৭৫ সালের ১৩ই বৈশাখ। জন্মদিন আর মৃত্যুদিনের এই মিল একটা বিরল ঘটনা। 'যেন জন্মদিন মৃত্যুদিন বসিয়াছে একাসনে।' জন্মদিন পরিণত হয়েছে মৃত্যুদিনে। এ এক বিরল ঘটনা। বিরল ব্যক্তিত্বের অধিকারী ছিলেনও তিনি। প্রজ্ঞার সঙ্গে পরিহাস, বুদ্ধির সঙ্গে তেজস্বিতা, নির্ভীকতার সঙ্গে সহনশীলতার আশ্চর্য্য সমন্বয় ঘটেছিল তাঁর মধ্যে।

'বিদূষক' হাতে নিয়ে সাংবাদিকতায় তাঁর আবির্ভাব। বিদূষকের আত্ম পরিচয় দিতে গিয়ে তিনি লিখেছেন—"জন্ম আমার জঘন্য স্থান পল্লী গ্রামের জঙ্গলে./লোকের মঙ্গল যেমন তেমন নিজের পেটের মঙ্গলে,/ আজ রাত্রিরে ভরে রাখি খালি আবার কালকে তা,/পেটের জ্বালায় বিদূষক চলে এলেন কলকাতা।' রঙ্গ রসে ভরা ছিল তাঁর এই পত্রিকা। চলেছিল দু' বছর। এছাড়াও বার করেছিলেন সংবাদ সাপ্তাহিক 'জঙ্গিপুর সংবাদ' যার প্রোপাইটর, কম্পোজিটর, প্রুফ্ রিডার, ইঙ্কম্যান তিনি একাই স্বাধীন-ভাবে জীবন ও জীবিকায় প্রতিষ্ঠিত হবার অনমনীয় সংকল্প নিয়ে তিনি দফরপুর গ্রাম থেকে এসেছেন রঘুনাথগঞ্জ শহরে। বাণিজ্যিক কাজের সঙ্গে সহজাত প্রতিভার প্রকাশনার জন্যই তাঁর এই পত্রিকা প্রকাশের পরিকল্পনা। নীলাম ইস্তাহার, সরকারী বিজ্ঞাপনের সঙ্গে তাঁর স্বভাবসিদ্ধ বাচন-ভঙ্গীতে সমকালীন দেশকালের ঘটনার কথা লিখতে শুরু করেন। তাঁর সম্পাদকীয় নিবন্ধগুলোতে বেশীরভাগ ক্ষেত্রে গুরু গাম্ভীর্য না থাকলেও তার মধ্যে ছিল বুদ্ধি গুরু দীপ্ত তীর্য্যক মন্তব্য এবং কৌতুক রস স্নিগ্ধতা। তাছাড়া তাঁর সাংবাদিকতা ও সম্পাদকীয় নিবন্ধগুলিতে দেখতে পাওয়া যায় তাঁর বলিষ্ঠ মানসিকতা এবং প্রতিবাদী সাহসিকতা। এ নিবন্ধের স্বল্প পরিসরে তার সব কিছুর উল্লেখ করা সম্ভব না হওয়ায় ছোটো একটা বিষয়ের উল্লেখ করে দাদাঠাকুরের সমাজ মনস্কতা ও সমাজ সচেতনার পরিচয় হলে ধরা যেতে পারে। 'সামাজিক সমস্যার সমাধানে' তিনি লিখেছেন—'আমাদের বাঙ্গালা দেশের সমাজে একটা বিষয় সমস্যা হইয়া উঠিয়াছে, কি করিয়া কন্যার বিবাহ দেওয়া যায়। নিদান নির্ণয় কঠিন নহে—বাজারে অবিবাহিত কন্যার সংখ্যা অধিক, সুপাত্রের সংখ্যা অল্প।' তিনি আমাদের ব্যাধি-গ্রস্ত সামাজিক মানসিকতার বিরুদ্ধে প্রতিবাদী কণ্ঠ হয়েছিলেন তাঁর 'পণপ্রথা' নিবন্ধে। পণপ্রথার বিরুদ্ধে তিনি ছিলেন সোচ্চার। বিদ্যাশিক্ষার কুফল সম্পর্কে তিনি লিখেছেন—'হিতোপদেশে পড়িয়াছি 'বিদ্যা দদাতি বিনয়ং', কিন্তু আজকাল কাল-মাহাত্ম্যে দেখিতে পাইতেছি 'বিদ্যা দদাতি ঔদ্ধত্যং'। বিদ্যাশিক্ষার আগে যেটুকু বিনয় থাকে আজকাল তথাকথিত বিদ্যাশিক্ষা করিলে অর্থাৎ দু'-একখানি পাশ করিলে সেটুকু আর থাকে না। তখন শুধু ব্যবহারের নয়, ভাষাতে ও বিনয়ের অভাব পরিলক্ষিত হয়।' বাঙ্গালীর বাবুয়ানাকে দাদাঠাকুর বরদাস্ত করতে পারতেন না। তাঁর মতে বাঙ্গালী নাকি দুশো বছর অধিক সময় হতে এই 'বাবু' আখ্যা পেয়ে আসছে। 'বাবু' প্রসঙ্গে বঙ্কিমচন্দ্রের মতোই দাদাঠাকুর বিদ্রূপ শাণিত সরস ভাষায় বল্লেন—'রামা শ্যামা মেধো—সবাই বাবু। দেশে বাবুর বাজার বসিয়া গিয়াছে।' তাঁর মতে এই বাবুদের অঙ্গের ভূষণ হচ্ছে- মিথ্যা, প্রবঞ্চনা, শঠতা। বাঙ্গালা দেশ বাবুদের শাসিত—যথা অফিসে কেরাণীবাবু, ইস্কুলে মাষ্টারবাবু, পুলিশে দারোগাবাবু, রেলে টিকিটবাবু............তীর্থে মহান্তবাবু............আর কত নাম করিব?' তাঁর শেষ মন্তব্য—'বাংলাদেশে বাবু জন্মায়ও বেশী।' কি শ্লেষাত্মক মন্তব্য! (৩য় পৃষ্ঠায়)

## ছাবঘাটী ক্ষুদিরাম দাস বিদ্যালয়

**ছাবঘাটী, মুর্শিদাবাদ**

**সুবর্ণজয়ন্তী উৎসব ( ১ – ৩ মে '৯৯ )**

১লা মে—উদ্বোধন, সুবর্ণজয়ন্তী কক্ষের দ্বারোদ্‌ঘাটন, স্মরণিকা প্রকাশ, বিজ্ঞান প্রদর্শনী উদ্বোধন।

২রা মে—রক্তদান শিবির, বেলা ২-৩০ মি. পুনর্মিলন ( প্রাক্তন ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের ), প্রাক্তন কৃতী ছাত্রছাত্রীদের পুরস্কার প্রদান।

৩রা মে—আন্তর্বিদ্যালয় আবৃত্তি ও সঙ্গীত প্রতিযোগিতা ও পুরস্কার প্রদান।

প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান।


## সন্ধান চাই

কৃষ্ণমুরারী সিং (সনু), বয়স ১১, মাঝারী চেহারা, শ্যামবর্ণ, পরনে ছিল গেঞ্জি ও হাফপ্যান্ট। ছেলেটি গত ৩০-১০-৯৮ থেকে হাওড়া থানার পুলিশ কোয়ার্টার থেকে নিখোঁজ। সন্ধান দিলে পুরস্কৃত করা হবে। যোগাযোগের ঠিকানা—

পরমহংস সিং, কোয়ার্টার নং—জি ব্লক নং—৪,
হাওড়া পুলিশ কোয়ার্টার, ফোন নং—(০৩৩) ৬৬০২৯৫০

### ডঃ আম্বেদকরের ১০৮তম জন্মজয়ন্তী পালন

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১৪ এপ্রিল সকালে রঘুনাথগঞ্জের দাস কুটীরে মুর্শিদাবাদ জেলা অনুন্নত সম্প্রদায় সংঘ ডঃ আম্বেদকরের ১০৮তম জন্মজয়ন্তী পালন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমরেন্দ্রনাথ চৌধুরী। আম্বেদকরের প্রাসঙ্গিকতা নিয়ে বক্তব্য রাখেন তুলসীচরণ মন্ডল, যোগেন্দ্রনাথ সমাদ্দার, ভরত মন্ডল, আবদুল্লা মোল্লা, সভার আহ্বায়ক নরেন্দ্রনাথ দাস প্রমুখ।

### চিন্তার প্রাসঙ্গিকতা (২য় পৃষ্ঠার পর)

বাবুর মতো এদেশে রয়েছে নানান ভিখারী। তাঁর মতে 'গ্রন্থকার সমালোচনার ভিখারী, নেতা প্রশংসার ভিখারী, দেশ ভক্ত চাঁদার ভিখারী, সমস্ত দেশ অধিকারের ভিখারী। স্বর্ণগর্দভ চাটুর ভিখারী, ব্রাহ্মণ পতিত বৈভবের ভিখারী, নিন্দুক পর গ্লানির ভিখারী। আর কেউ বড় ভিখারী, ছোট ভিখারী, খোসনাসের ভিখারী, ভোটের ভিখারী। অথচ তাঁর সরস অথচ কৌতুকস্নিগ্ধ মন্তব্য—'ভিখারীর তো সংখ্যা হয় না!' সম্পাদকীয় নিবন্ধগুলির মধ্যে থেকে স্বল্প উদ্ধৃত এবং স্বল্পরেখ মন্তব্যের মধ্যস্থতায় দাদাঠাকুরের স্বভাবসিদ্ধ কৌতুকপ্রিয়তার যেমন পরিচয় পাওয়া যায়, তেমনি বর্তমানকালের মূল্যবোধের অবক্ষয়ের দিনে সমাজ সচেতন দাদাঠাকুরের চিন্তা ভাবনার প্রাসঙ্গিকতা লক্ষ্য করা যায়।


## Government of West Bengal
## Irrigation and Waterways Directorate

# Abridge form of N. I. T. No. 3. Ganga Anti Erosion Division During 1999-2000.

Sealed tenders in W. B. Form No. 2911 (ii) are invited by the Executive Engineer, Ganga Anti Erosion Division for the following works :—

Palliative bank protective work of urgent nature on the R/B of river Ganga/Padma at Vill. Sarkarpara in P. S. & Block-Jallangi in the district of Murshidabad before monsoon of 1999 to hold the bank line.

4 nos. works, total cost Rs. 75,86,205/-
Earnest Money : Rs. 20,000/-

Last date of Application : 7. 5. 99 upto 15-00 hrs.
Last date of issue of tender papers : 11. 5. 99 upto 14-00 hrs.
Last date of receiving of tender papers : 13. 5. 99 upto 14-00 hrs.

Eligibility : Resourceful and bonafide outside contractor having requisite credential for similar type of work of I & W. Dte.

N. B. For details office of the Executive Engineer, Ganga Anti Erosion Division, Raghunathganj, Murshidabad may be contacted.

( M. K. Bharati )
Executive Engineer,
Ganga Anti Erosion Division
Raghunathganj, Murshidabad.

Memo No. 490 (25) Dated 20. 4. 99


### সফদার হাসমী দিবস পালন

নিজস্ব সংবাদদাতা ঃ ভারতীয় গণনাট্য সংঘ, রঘুনাথগঞ্জ শাখা গত ১২ এপ্রিল সন্ধ্যায় রাজানগর গ্রামে এক মনোজ্ঞ অনুষ্ঠান করে। পথনাটকের দিশারী হাসমীর প্রতি শ্রদ্ধা জানিয়ে এই অনুষ্ঠান। গণসঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, লোক সঙ্গীত, আবৃত্তি—সমস্ত কিছুর সমন্বয়ে অনুষ্ঠান প্রাণবন্ত হয়ে ওঠে। রঘুনাথগঞ্জ শাখার শিল্পীরা ছাড়াও রাজানগর এলাকার স্থানীয় শিল্পীরাও এই অনুষ্ঠানে সামিল হন। এই অনুষ্ঠান নিয়ে আলোচনা প্রসঙ্গে গণনাট্য সংঘের জেলার সহ-সম্পাদক মানিক চট্টোপাধ্যায় আমাদের প্রতিনিধিকে জানান—গণনাট্য সংঘ রঘুনাথগঞ্জ শাখা বিনা পারিশ্রমিকে স্থানীয় বাজারপাড়া প্রাথমিক বিদ্যালয়ে প্রতি রবিবার সকাল ৯-৩০টায় আবৃত্তির প্রশিক্ষণ কেন্দ্র শুরু করেছে। রবীন্দ্র সঙ্গীত, নজরুল গীতি এবং নৃত্যেরও প্রশিক্ষণ কেন্দ্র শুরু হতে চলেছে। এই উদ্যোগকে সফল করার জন্য সংঘের পক্ষ থেকে সকলের সহযোগিতা কামনা করা হয়েছে।

**পুলিশী ব্যর্থতার অভিযোগ** (১ম পৃষ্ঠার পর)

করে জঙ্গিপুর কোর্টে চালান দেয়। তবে রাজুকে জামিনযোগ্য অপরাধে কোর্টে চালান দেওয়ায় ও এলাকায় মানুষের নিরাপত্তার ব্যাপারে সাগরদীঘি থানার নিস্পৃহতায় মানুষ বীতশ্রদ্ধ বলে জানা যায়। অন্যদিকে পানীবিটির কোন খোঁজ এখনও পুলিশ দিতে পারেনি।

**দীর্ঘ সেবা সম্মান প্রদান অনুষ্ঠান** ( ১ম পৃষ্ঠার পর )

কর্পোরেট এর জি, এম (পি এন্ড এ) এ, মজুমদার, পূর্বাঞ্চলের ডাইরেক্টর (এক্সিকিউটিভ) এন, পি, সিং। সঙ্গে ছিলেন ফরাক্কা এনটিপিসির জি, এম বাল্মিকী প্রসাদ এবং অন্যান্য উচ্চ পদস্থ অফিসারগণ। খবরে প্রকাশ, ১৯৯৭ এবং ১৯৯৮ দুই বৎসরে মোট ৩১৮ জনকে পুরস্কৃত করা হয়।

**বামপন্থীদের জয়** ( ১ম পৃষ্ঠার পর )

ভোটারের মধ্যে ৮০৬ জন ভোট দিয়েছিলেন। কংগ্রেস, বিজেপি ও তৃণমূল জোটের প্রার্থী জগন্নাথ সরকার, পলাশ কর্মকার, শকুন্তলা চৌধুরী, হুমায়ুন কবির ও নির্দল প্রার্থী কাজী পিয়ারুদ্দিন ও রবিউল সেখ পরাজিত হন। এদিকে বিদ্যালয়ের শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারীদের নির্বাচনে স্নেহলতা রায়, স্বস্তিকা ঠাকুর, মঞ্জুষা মাইতি ও করণিক সুজিত সাহা জয়ী হয়েছেন। মহকুমা সদরের তিনটি বিদ্যালয়েই অভিভাবক প্রতিনিধি নির্বাচনে বামপন্থীদের প্রাধান্য অব্যাহত রইল।

---


**কার্ডস ফেয়ার**

এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।

রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

ফোন নং—৬৬২২৮


---




আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ।। গনকর

ফোন নং : গনকর ৬২০২৯


---

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## বিজ্ঞপ্তি

গ্রন্থাগারের পরিচালন সমিতির নির্বাচন আগামী ২৩/৫/৯৯। ১৬ই মে '৯৯ রবিবার বেলা ৩টায় গ্রন্থাগারে সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় গ্রন্থাগারের সমস্ত সদস্যদের উপস্থিতি একান্তভাবে প্রার্থনীয়।

উমা গঙ্গোপাধ্যায়
গ্রন্থাগারিক
দেশবন্ধু যতীনদাস মহকুমা গ্রন্থাগার, জঙ্গীপুর
রঘুনাথগঞ্জ

---


আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ
( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—**ডাঃ সাহা**

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনস্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


---


সকলকে অভিনন্দন জানাই—

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ★ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সাটিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| | | |
|---|---|---|
| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |